ইত্তেফাক

তারিখ 14/4/79

পৃষ্ঠা 1 কলাম 7



## স্বতন্ত্রভাবে বৃত্তি দেওয়া হউক

আমরা গত ১৯৭৮ সালে যশোর বোর্ডের অধীনে অনুষ্ঠিত এস. এস. সি. পরীক্ষায় কৃতিত্বের সহিত কৃষিবিজ্ঞান বিভাগ হইতে প্রথম বিভাগে উত্তীর্ণ হইয়াছি। আমরা বাংলাদেশের অধিবাসী। বাংলাদেশের শতকরা পঁচাশি জনই কৃষিজীবী। কৃষির উপর ভিত্তি করিয়াই গঠিত এ দেশের অর্থনৈতিক কাঠামো। বাংলাদেশের রপ্তানি বাণিজ্যের সিংহভাগই আসে কৃষিজাত দ্রব্যাদি হইতে। তাই আমাদের দেশের বুদ্ধিজীবিগণ তথা শিক্ষাবোর্ড কর্তৃপক্ষ দেশের কৃষির উন্নতিকল্পে অর্থাৎ সমগ্র দেশের কৃষি অর্থনৈতিক সমস্যা সমাধানের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে কৃষি

## উচ্চ মাধ্যমিক পরীক্ষার সময়সূচী প্রসঙ্গে

আগামী ৩১শে মে হইতে ১৯৭৯ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষা অনুষ্ঠিত হইতে যাইতেছে আমরা লক্ষ্য করিয়া আসিতেছি, যে, পরীক্ষার সময়সূচী পত্রিকান্তরে প্রকাশিত হইলে তাহা সাধারণতঃ রদ-বদল করা হয় না। পরীক্ষার সময়সূচী অনুযায়ী প্রত্যহ দুইটি বিষয় করিয়া পরীক্ষা অনুষ্ঠিত হইলে আমাদের অতিরিক্ত পড়াশুনার চাপে বেশ অসুবিধা ভোগ করিতে হয়।

তাই, আমরা কর্তৃপক্ষের নিকট গত বৎসরে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষার ন্যায় অর্থাৎ প্রত্যহ একটি বিষয় করিয়া পরীক্ষার সময়সূচী প্রত্যাশা করি।

অতএব, আমাদের অসুবিধার কথা বিবেচনা করিয়া প্রত্যহ একটি বিষয় করিয়া পরীক্ষার সময়সূচী প্রকাশের জন্য সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষের শুভদৃষ্টি আকর্ষণ করিতেছি।

—আলী নূর রহমান হাজারী।